

আমার দুর্গা - সৃজন প্রধান

আমার দুর্গা জননী আমার, থাকেন যিনি পাশে,
দিনে-রাতে যাঁর হৃদয়ে, আমার মুখটা ভাসে।
দশভূজা নাই বা হলেন, কিন্তু দ্বিভূজে,
সংসারকে রাখেন বেঁধে, সকল কাজে-সাজে।
গ্রীষ্ম-শীতে, ঝড়-বাদলে, কিংবা সুখে-দুখে,
অন্নপূর্ণা মা যে তিনি, খাবার তোলেন মুখে।
জ্বর-বেদনা আসুক যতই, নেই তো ছুটি তাঁর,
কাজ যে অনেক আছে বাকি, করতে হবে আবার।
সন্তানের দুঃখ-চিন্তায় ব্যাকুল যে তাঁর প্রাণ,
তবুও সেই মাকে মোরা করি অপমান।
মাকে কত বকি-ঝকি, দিই না অনেক কষ্ট,
মা তো ওসব ভুলে গিয়ে, আদর করতে ব্যস্ত।
অথচ সেই মাকে ছেড়ে, মাটির মাকে পূজি,
মায়ের ভেতরে আছেন যে মা, আমরা কি তা বুঝি?
মা-কে ভালোবাসলে পরে, মা-য়ে ছড়ান আলো,
মায়ের বেশে সকল মা-ই, থাকুক যেনো ভালো।